

প্রধান কার্যালয়ের প্রতিনিধিরা মাঠ পর্যায়ের বার্ষিক পিকনিকে যে বিষয়গুলো আলোচনা করবেন

১. ব্যবস্থাপনা উদ্দেশ্যসমূহ

- ক. ক্ষুদ্র ঋণ কার্যক্রমে বেশি মনোযোগ সময় দেওয়া। ওভারডিউ যাতে কম পড়ে ও বেশি আদায় করা যায় সেদিকে নজর দেওয়া। দক্ষ কর্মী তৈরি করা।
- খ. প্রকল্প নির্ধারণের ক্ষেত্রে ১ বছরের নিচে এবং একশ হাজার ডলারের নিচে প্রকল্প নেওয়া যাবে না। দীর্ঘমেয়াদি প্রকল্পের প্রতি নজর থাকবে। প্রতিটি প্রকল্প শেষে মূল্যায়ন ও প্রাতিষ্ঠানিক শিক্ষন নিশ্চিত করতে হবে।

২. কোর্সলগত পরিকল্পনা

- ক. সংস্থার নিজস্ব জমি ক্রয়: কক্সবাজার সদরে সংস্থার জন্য জমি ক্রয় ও বিল্ডিং করতে হবে। চরফ্যাশন ও ভোলায় ভালো মানের প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করতে হবে।
- খ. ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় ২০২০ সালের মধ্যে আরও ১২ টি শাখা বৃদ্ধি করা হবে।
- গ. এ্যাডভোকেসি কর্মসূচির আওতায় ট্যাক্স জাস্টিস, জলবায়ু পরিবর্তন, স্থানীয়করণ ও সিভিল সোসাইটি নিয়ে কাজ করা হবে।
- ঘ. রেডিও সৈকত : রেডিও সৈকতকে গুরুত্বের সাথে নিতে হবে এবং যতদূর সম্ভব সম্প্রচারে যেতে হবে। সাথে অনলাইন টিভিও চালু করতে হবে। পাশাপাশি রেডিও মেঘনাকেও অনলাইন টিভিতে সম্প্রসারিত করা হবে।

৩. নিয়োগ বিষয়ক

- ক. নিয়োগে আত্মীয়করণ করা যাবে না। নিয়োগ কমিটিকে ফোন করা যাবে না। এবং তা করলে শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে। কারো আত্মীয় থাকলে তাকে সরাসরি নির্বাহী পরিচালকের সাথে যোগাযোগ করতে হবে।
- খ. বডি মাস ইনডেক্স (Body Mass Index) অনুযায়ী নিয়োগ হতে হবে এবং এতে কোন কম্প্রমাইজ করা যাবে না। সেলফ লার্নিং বিষয়টি এর বিষয়টি অবশ্যই নজরে আনতে হবে।
- গ. দৈহিক সক্ষমতা (Physical Fitness) সর্বোচ্চ গুরুত্বপূর্ণ। এ জন্য সকালে ব্যায়াম ও বিকেলে কমপক্ষে ১ ঘন্টা হাঁটা আবশ্যিকভাবে প্রয়োজনীয়।

৪. নতুন কর্মীদের উন্নয়ন

- ক. নতুন কর্মীদের সাথে ভাল ব্যবহার করে তাদেরকে পরিচালনা করতে হবে।
- খ. মোটিভেশন ও টিম বিল্ডিং এর মাধ্যমে কাজ করতে হবে।
- গ. সংস্থার ভাল দিকসমূহ তাদেরকে জানাতে হবে।
- ঘ. শেখানোর মনোভাব নিয়ে তাদেরকে সময় দিতে হবে।
- ঙ. ক্ষুদ্রঋণ কর্মসূচির নতুন কর্মীদের প্রথমেই খারাপ সমিতিগুলো না দিয়ে ভালো সমিতিগুলো দিতে হবে যাতে করে তারা বেশি সমস্যার সম্মুখীন না হন এবং উৎসাহ বোধ করেন। কমপক্ষে ৬ মাস এভাবে মোটিভেশনের মধ্যে রাখতে হবে।

৫. অন্যান্য

- ক. মাঠের পুরুষ কর্মীগণ কেডস্ বা সু পরবেন এবং নারি কর্মীরা কেডস্ পড়বেন। শীতের সময় সংস্থা থেকে সরবরাহকৃত হুডি পরতে হবে।
- খ. সকল মিটিংএ **Open Secret Method** পরিচালনা করতে হবে। গত মিটিং থেকে এই মিটিং পর্যন্ত কী কী ভালো লেগেছে/কোন ব্যবহার কষ্ট দিয়েছে কিনা তা লিখতে হবে। তাছাড়া ব্যবস্থাপনা ও কর্মসূচির একটি বা দুটি করে ভালো ও মন্দ দিক লিখতে হবে। মিটিং শেষে ভালো ও মন্দ বিষয়গুলো নিয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপকদের সাথে আলোচনা করতে হবে।
- গ. **Complaint Response Mechanism** সম্পর্কে সবাইকে জানাতে হবে, যেন সবাই অভিযোগ করতে পারেন। এগুলো অবশ্যই রেজিস্টার বইতে লিপিবদ্ধ করতে হবে।